সংবাদ

তারিখ - 6 APR 2017



বদলগাছী পাইলট হাইস্কুলের মাঠে এভাবেই সপ্তাহে দুই দিন হাট বসে -সংবাদ

# বদলগাছীর সেই স্কুল থেকে সরেনি হাট! লেখাপাড়া ব্যাহত

সানজাদ রয়েল সাগর, বদলগাছী (নওগাঁ)

নওগাঁর বদলগাছী পাইলট উচ্চ বিদ্যালয় ও মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাঠ থেকে এখনও পর্যন্ত হাট সরিয়ে না নেয়ায় পাঠদান ব্যহত হচ্ছে আর স্কুল কর্তৃপক্ষ রয়েছেন চরম বিপাকে। বিগত ৮/৯ মাস থেকে স্কুল মাঠ থেকে হাট সরিয়ে নেয়ার জন্য উপজেলা প্রশাসনের প্রতি বারবার আবেদন জানিয়ে আসছেন দুটি স্কুলের কর্তৃপক্ষ।

স্কুল থেকে জানায়, প্রতি সপ্তাহে শনিবার ও বুধবার ২দিন হাট বসে স্কুল মাঠে। হাটের দিন ভোর থেকেই হাজারো মানুষের সমাগম ঘটে। ক্রেতা-বিক্রেতার কেনা বেচা ও জনতার কোলাহলে স্কুলের ছাত্র/ছাত্রীদের শিক্ষাদান ব্যাহত হয়। তার উপর হকারের মাইক এর শব্দে ক্লাসে সমস্যারও সৃষ্টি হয়। ছাত্র-ছাত্রীরা ঐ স্কুলে আসা যাওয়া পথে হাটুরিয়াদের ভিড়ে অনেক বিড়ম্বনার শিকার হয়। সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিশুদের বেশী সমস্যার মুখোমুখি হতে হয়। আর এ দৃশ্য নিয়ে ছাত্র-ছাত্রীদের অভিভাবকরাও থাকে আতংকে। হাট বসার কারণে স্কুলের খেলার মাঠ নষ্ট হয়ে যাচ্ছে। বিঘ্ন হচ্ছে স্কুলের ছেলেমেয়েরা খেলাধুলা। হাট সরিয়ে নেওয়ার কথা বলে উপজেলা প্রশাসন বিভিন্ন রকমের তাল বাহানা করে আসছে। আগামী পহেলা বৈশাখের আগেই স্কুল মাঠ থেকে হাট সরিয়ে নেওয়ার কথা থাকলেও উপজেলা প্রশাসনের নেই কোন উদ্যোগ। বিষয়টি নিয়ে অভিভাবক মহলও উদ্বিগ্ন হয়ে পড়েছে।

গত সোমবার পাইলট উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক সুরেশ সিংহ এর সংগে কথা বললে তিনি জানান আগামী পহেলা বৈশাখের পর হাট সরিয়ে নেয়ার জন্য হাট কর্তৃপক্ষকে বলা হয়েছে।

এ বিষয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. হুসাইন শওকত জানান হাট সরিয়ে নেওয়া খুবই জরুরি কিন্তু হাট সরিয়ে নেওয়ার বিষয়ে এলাকার সর্ব সাধারণকে নিয়ে আলোচনা সাপেক্ষে সিদ্ধান্ত নিতে হবে। দুদুকের গণশুনানীতে কয়েক জন হাট সরিয়ে নেওয়ার অভিযোগ করলে আপনি বলেছিলেন আগামীতে হাট ইজারার নোটিশে স্কুল মাঠে হাট লাগানো যাবে না উল্লেখ করে হাটের টেন্ডার আহব্বান করা হবে।

বিষয়টি নিয়ে এলাকার সচেতন মহল ও শিক্ষার্থীর অভিভাবকরা দ্রুত স্কুল মাঠ থেকে হাট-বাজার উচ্ছেদ করে দুটি স্কুলের শিক্ষার্থীদের স্কুলে যাতায়াত নিরাপদ করনের জন্য প্রশাসনের উর্ধতন কর্তৃপক্ষের আসু হস্তক্ষেপ কামনা করেছেন।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং
তারিখ
সিস্টেম ম্যানেজার
সিনিয়র সিস্টেম এনালিস্ট
প্রকাশনা কর্মকর্তা
স্বাক্ষর